# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন ঃ
অফিস ঃ ৯৫৫৫১৩৩
ঃ ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন,মতিঝিল বা/এ, ফ্যাক্স
ঢাকা-১০০০ ।

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763

স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.০৫.০০১.১৯-১৩৩ তারিখঃ- ২৪-০৬-২০১৯ খ্রিঃ

**সার্কুলার**

বিষয়: ২০১৯-২০২০ অর্থ বৎসরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার শাখার ২৯ মে,২০১৯ খ্রিঃ তারিখের নং ০৪.০০.০০০০.৮২২.১৪.০৫২.১৭.০৪৯ স্মারকের ( কপি সংযুক্ত ) মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০১৯-২০২০ অনুসরণে আগামী ১৭ জুন ২০১৯ তারিখের মধ্যে ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রস্তুতপূর্বক মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশনা প্রদানের অনুরোধ জানানো হয়েছে । একইসঙ্গে আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহ-কে আগামী ২৫ জুন, ২০১৯ তারিখে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে এবং আগামী ৩০ জুন, ২০১৯ তারিখে আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ-কে তাদের দপ্তর/সংস্থায় খসড়া কর্ম-পরিকল্পনা প্রেরণের নির্দেশনা প্রদানের জন্যও অনুরোধ জানানো হয়েছে।

২। উক্ত পত্রে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান-কে আগামী ৩ জুলাই, ২০১৯ তারিখে মন্ত্রীপরিষদ বিভাগে, আওতাধীন দপ্তর/সংস্থা-কে আগামী ১০ জুলাই ২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে এবং আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ে-কে আগামী ১৫ জুলাই, ২০১৯ তারিখের মধ্যে তাদের স্ব স্ব দপ্তর/সংস্থায় চুড়ান্ত কর্ম-পরিকল্পনা প্রেরণের নির্দেশনা প্রদানের জন্যও অনুরোধ জানানো হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের আলোচ্য পত্রটি www.cabinet.gov.bd ওয়েবসাইটে আপলোড আছে।

৩। এমতাব্যস্থায় মন্ত্রিপরিষদ বিভাগের উক্ত পত্রের নির্দেশনা অনুসরণে বোর্ডের প্রতিটি দপ্তরকে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন করার এবং উহার একটি কপি বোর্ডে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৪। বোর্ডের আরএডিপি পর্যালোচনা সভার বিজ্ঞপ্তি স্মারক নং- ১৮১(৭৫)/পিএস/এম-১(এডিপি বোর্ড)/২০১৬ তারিখ ১৬-০৬-২০১৯ খ্রিঃ মাধ্যমে ২৬-০৬-২০১৯ খ্রিঃ তারিখ বেলা ০৩:০০ ঘটিকায় অনুষ্ঠিতব্য পর্যালোচনা সভার পর ২০১৯-২০২০ অর্থ বৎসরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত বিষয়ে বোর্ড হতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।

৫। এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সম্মতি রয়েছে।

২৪/০৬/২০১৯
( আব্দুল খালেক )
সচিব
বাপাউবো, ঢাকা ।

স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.০৫.০০১.১৯-১৩৩ তারিখঃ- ২৪-০৬-২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

১ প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল)--------------------------------বাপাউবো----------------------
(আপনার জোনের আওতাধীন দপ্তরসমূহে পত্রখানার ছায়ালিপি প্রেরণপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো ) ।
২. নিয়ন্ত্রক, অর্থ, হিসাব ও নিরীক্ষা/প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা ।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/প্রকল্প পরিচালক...................................বাপাউবো.................................
৪. নির্বাহী প্রকৌশলী (সকল)...........................................................................................
৫. পিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা ।
৬. সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা (ওয়বসাইটে প্রকাশের জন্য )।
৭. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (সকল)..........................................................বাপাউবো, ঢাকা।

উপ-সচিব ( বোর্ড )
বাপাউবো, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
শুদ্ধাচার শাখা
www.cabinet.gov.bd

১৫ জ্যৈষ্ঠ ১৪২৬

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২২.১৪.০৫২.১৭.০৪৯ তারিখ:------------------
২৯ মে ২০১৯

## পরিপত্র

বিষয়: ২০১৯-২০২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং নির্দেশিকা প্রণয়ন সংক্রান্ত।

সরকার ২০১২ সালে 'সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। ২০১৯-২০২০ অর্থ-বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য পৃথক ৩ (তিন) ধরনের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রণীত নির্দেশিকাসমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা, অনুসরণীয় পদ্ধতি ও প্রমাণকসমূহ এবং গৃহীত কার্যক্রম বাস্তবায়নের সময়সূচি অন্তর্ভুক্ত রয়েছে। এ নির্দেশিকা অনুসরণে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ ২০১৯-২০২০ অর্থ-বছরে তাদের স্ব স্ব জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রস্তুত করার পাশাপাশি আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রস্তুত করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

২। মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০১৯-২০২০ এইসঙ্গে সংযুক্ত করা হল। সংযুক্ত নির্দেশিকা অনুসরণে আগামী ১৭ জুন ২০১৯ তারিখের মধ্যে ২০১৯-২০২০ অর্থ-বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রস্তুতপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশনা প্রদানের অনুরোধ করা হল। একইসঙ্গে তাঁর আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহ-কে আগামী ২৫ জুন ২০১৯ তারিখে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে এবং আগামী ৩০ জুন ২০১৯ তারিখে আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ-কে তাদের দপ্তর/সংস্থায় খসড়া কর্ম-পরিকল্পনা প্রেরণের নির্দেশনা প্রদানের জন্যও অনুরোধ করা হল।

৩। মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান-কে আগামী ৩ জুলাই ২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে, আওতাধীন দপ্তর/সংস্থা-কে আগামী ১০ জুলাই ২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে এবং আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়-কে আগামী ১৫ জুলাই ২০১৯ তারিখের মধ্যে তাদের স্ব স্ব দপ্তর/সংস্থায় চূড়ান্ত কর্ম-পরিকল্পনা প্রেরণের নির্দেশনা প্রদানের জন্যও অনুরোধ করা হল।

৪। উল্লেখ্য, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০১৯-২০২০-এর সফটকপি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট (www.cabinet.gov.bd)-এ আপলোড করা হয়েছে।

সংযুক্তি: বর্ণনামতে।

Hossain 29/05/19

(মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৫৪৯
ই-মেইল: inar_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক-এর কার্যালয়, অডিট ভবন, কাকরাইল, ঢাকা
২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব
.................................................................................................................মন্ত্রণালয়/বিভাগ
৩। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, মৎস্যভবন, রমনা, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সিনিয়র সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। প্রোগ্রামার (আইসিটি সেল), মন্ত্রিপরিষদ বিভাগ (জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও নির্দেশিকা ২০১৯-২০২০ মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)
৪। অতিরিক্ত সচিব (সংস্কার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।